ISO 9001:2015 Certified

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ।

**নম্বর:** ২৭.১২.৮৮৯৪.৫০৯.০২.০০৮.২৩.৩৬২

তারিখ: ৫ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
২০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**"আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"**

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর আওতায় নিম্নবর্ণিত শূণ্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪, ৩০০-৫১ এবং পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিতঃ ২০১২ ইং) অনুযায়ী যোগ্য ও অভিজ্ঞতা সম্পন্ন লাইনম্যান গ্রেড-১ পদে কর্মরত প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে-

| ক্রঃনং | পদের নাম | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|
| ০১ | **লাইন টেকনিশিয়ান** | (ক) লাইনম্যান গ্রেড-১ পদে ০৩ (তিন) বছর এবং লাইন ক্রু পদে কমপক্ষে ১০ (দশ) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-৫১ অনুযায়ী সকল লাইনম্যান ট্রেনিং-এ উত্তীর্ন হতে হবে।<br>(গ) প্রার্থীর অবশ্যই পোলে উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে।<br>(ঘ) বিদ্যুৎ বিতরন লাইন নির্মাণ, স্টেকিং শীট,, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা, রক্ষনাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(ঙ) জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(চ) কম্পিউটার চালনায় সক্ষমতা থাকতে হবে।<br>(ছ) অধীনস্থ লাইনক্রুদের নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।<br>(জ) প্রার্থীর লাইনম্যান গ্রেড-১ পদের সর্বশেষ ০৩(তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং প্রত্যেক বছর নূন্যতম ৩.৫০ থাকতে হবে। |

**০১। <u>আবেদনের নিয়মাবলীঃ</u>** আবেদনকারীকে স্ব-হস্তে লিখিত সাদা কাগজের আবেদনপত্রে (ক) পদের নাম (খ) নিজের নাম (গ) পিতার নাম (ঘ) মাতার নাম (ঙ) স্থায়ী ঠিকানা (চ) বর্তমান ঠিকানা (ছ) জন্ম তারিখ (জ) বয়স (ঝ) জাতীয়তা (ঞ) ধর্ম (ট) শিক্ষাগত যোগ্যতা (ঠ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ড) চাকুরীতে নিয়মিতকরনের তারিখ ইত্যাদি উল্লেখপূর্বক পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-এর সুস্পষ্ট সুপারিশ সম্বলিত আবেদনপত্রসহ **আগামী ০৬/১০/২০২৪ খ্রিঃ** তারিখ রোজঃ রবিবার, সকাল ১০:০০ ঘটিকায় সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ-এ স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

**০২। <u>আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজদি সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার/এজিএম (এইচআর/প্রশাসন) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবেঃ-</u>**

(ক) বর্তমান পদে যোগদান, নিয়মিতকরন পত্রের ফটোকপি।
(খ) পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণপত্রের ফটোকপি।
(গ) বিগত ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়ন প্রতিবেদনের ফটোকপি।
(ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি।
(ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের ফটোকপি।
(চ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের ফটোকপি।
(ছ) সাম্প্রতিক তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
(জ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্সের ফটোকপি (মূল ড্রাইভিং লাইসেন্স সঙ্গে আনতে হবে)।

০৩। সর্বশেষ ০৫ বছরের দন্ড উল্লেখ পূর্বক বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

০৪। পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের সময় প্রার্থীকে (ক) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হননি (খ) সর্বশেষ ০১ (এক) বছর কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হননি (গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হননি (ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হননি (ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হননি (চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন

করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তানুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হননি এবং (ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন ও কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান নাই- এই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। উল্লেখিত দন্ডে/অভিযোগে দন্ডিত/অভিযুক্ত প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নাই।

০৫। পদোন্নতির ক্ষেত্রে পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরীবিধি, ১৯৯২ (সংশোধিতঃ ২০১২ ইং ) মোতাবেক এবং পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ এবং ৩০০-২৪-এ সংশ্লিষ্ট পদের পদ বিবরণীসহ উল্লেখিত সকল শর্তাদি পূরণ করতে হবে।

০৬। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী মূল বেতন ও অন্যান্য ভাতাদি প্রদান/সংরক্ষণ করা হবে।

০৭। অত্র পবিসের ভৌগোলিক এলাকার অর্থাৎ সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া, শাহজাদপুর, রায়গঞ্জ, তাড়াশ উপজেলার সকল ইউনিয়ন এবং চৌহালী উপজেলার হাটঘোরজান ও স্থল ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৮।পদোন্নতি প্রদানের ক্ষেত্রে পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরীবিধি, ১৯৯২ (সংশোধিতঃ ২০১২ ইং )-এর ০৭ ধারা যথাযথভাবে অনুসরন করা হবে। উক্ত ধারা মোতাবেক কেহ যোগ্যতা সম্পন্ন না হলে আবেদন করার প্রয়োজন নাই।

০৯।ইতোঃপূর্বে অন্য কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

১০। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য "চলতি দায়িত্ব" হিসেবে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরৎ যেতে হবে।

১১। অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রী অথবা রক্ত সম্পর্কীয় কোন আত্নীয়-স্বজন আবেদন করতে পারবেন না। কোন প্রার্থী তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিক ভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

১২। প্রার্থীগণকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদন গ্রহণ/বাতিল অথবা এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৪। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে উদ্ভব হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২০-০৯-২০২৪

আবু আশরাফ মোঃ ছালেহ্
সিনিয়র জেনারেল ম্যানেজার
০১৭৬৯৪০০০৭৪ (ফোন)
০৭৫২৯-৫৬১৭২ (ফ্যাক্স)
sirajpbs@yahoo.com

নম্বর:

তারিখ: ৫ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
২০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্ত আপনার নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;
২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তর অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;
৩। পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব ), আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড(ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার (সকল পবিস)(যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অবহিতকরণের জন্য অনুরোধসহ);
৬। সিরাজগঞ্জ পবিস-১ এর সকল অফিসার;
৭। এজিএম (আইটি), আইটি বিভাগ, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১;
৮। নোটিশ বোর্ড, সিরাজগঞ্জ পবিস-১ এবং
৯। অফিস/মাস্টার কপি।

২০-০৯-২০২৪
আবু আশরাফ মোঃ ছালেহ্
সিনিয়র জেনারেল ম্যানেজার